

স্বাক্ষরিত
১৮/০১/২৪



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

স্মারক নং- জাতীয়বিঃ/পনি/মাপি/২০২০/২০২৪/২৫১

তারিখ : ২৮ জানুয়ারী ২০২৪ খ্রিষ্টাব্দ
১৪ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

২০২০ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের
আবেদন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার প্রকাশিত ফলাফল-এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য ৩০/০১/২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ টা থেকে ১৫/০২/২০২৪ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত Online-এ আবেদন করা এবং ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

পে-স্লিপ সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী : জাতীয় বিশ্ববিদ্যালয়েরওয়েব সাইট 103.113.200.36/PAMS/ICT Unit/Re-scuing.aspx থেকে Online - এ আবেদন ফরম পূরণ করে Pay slip ডাউনলোড করে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন : AMERICAN EXPRESS, VISA, DBBL, NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে Online -এ টাকা ট্রান্সফার করে আবেদন করতে পারবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং পরবর্তীতে যে কোন প্রকার উদ্ধৃত জটিলতার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে।

উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি পত্র ৮০০/- (আটশত) টাকা।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।